সংবাদ ০৪৪

তারিখ ৩০।১।৮৩
পৃষ্ঠা ... কলাম ...

# প্রাথমিক শিক্ষকদের বিক্ষোভ কর্মসূচীর প্রতি ৯টি শ্রমিক সংগঠনের সমর্থন

(নিজস্ব বার্তা পরিবেশক)

দেশের বিভিন্ন নয়টি শ্রমিক সংগঠনের নেতৃবৃন্দ এক যুক্ত বিবৃতিতে ঢাকা মহানগরী প্রাথমিক শিক্ষক সংগ্রাম পরিষদ কর্তৃক আহূত আগামী ৩১শে জানুয়ারীর প্রতিবাদ ও বিক্ষোভ মিছিল কর্মসূচীর প্রতি পূর্ণ সমর্থন জ্ঞাপন করেছেন।

তারা বলেন প্রাথমিক শিক্ষকদের সরকারী চাকরির আইনগত অধিকার রক্ষার ন্যায়সংগত আন্দোলনকে স্তব্ধ করে দেয়ার জন্য সরকারী মহল সন্ত্রাসের পথ বেছে নিয়েছেন। ঢাকায় কতিপয় ওয়ার্ড কমিশনার শিক্ষকদের উপর স্কুলে যাবার জন্য শক্তি প্রয়োগ শুরু করেছেন এবং তালা ভেঙ্গে তাদের পেটোয়া বাহিনী দিয়ে স্কুল চালাবার ব্যবস্থা করেছে। আমরা এই ন্যক্কারজনক কাজের তীব্র নিন্দা জ্ঞাপন করছি। তারা যে পথ বেছে নিয়েছেন তাতে সমস্যা সমাধানের পরিবর্তে আরো সমস্যা সৃষ্টি হবে। যার ফলে দেশের গরীব কৃষক-শ্রমিক কর্মচারী তথা আপামর সাধারণ মানুষের সন্তানদের শিক্ষার ভিত্তি প্রাথমিক শিক্ষা ব্যবস্থা ধ্বংস হয়ে যাবে।

(শেষ পৃঃ ৭-এর কঃ ...)

# শিক্ষকদের বিক্ষোভ

(১ম পাতার পর)

তারা সন্ত্রাস ও নির্যাতনের পথ পরিহারের দাবী জানান এবং শিক্ষকদের আহূত প্রতিবাদ সভা ও বিক্ষোভ মিছিলের কর্মসূচী সফল করার জন্য দলমত নির্বিশেষে সকল শ্রমিক-কর্মচারী-ছাত্র জনতার প্রতি আহ্বান জানিয়েছেন।

বিবৃতিতে সই করেছেন জাতীয় শ্রমিক দলের সাধারণ সম্পাদক জনাব মিসির আহমদ ভুইয়া জাতীয় শ্রমিক ফেডারেশনের সভাপতি জনাব আবুল বাসার জাতীয় শ্রমিক জোটের সাধারণ সম্পাদক জনাব রুহুল আমিন ভুইয়া, জাতীয় শ্রমিক লীগের সভাপতি মোঃ আলিম উদ্দিন বাংলাদেশ সংযুক্ত শ্রমিক ফেডারেশনের সভাপতি জনাব মোখলেসুর রহমান বাংলাদেশ ট্রেড ইউনিয়ন কেন্দ্রের সাধারণ সম্পাদক জনাব সাইফুদ্দীন আহমদ মানিক, গণতান্ত্রিক শ্রমিক আন্দোলনের কার্যকরী সভাপতি জনাব নাসিম আলী, বাংলা শ্রমিক ফেডারেশনের সাধারণ সম্পাদক জনাব মোস্তফা জামাল হায়দার, বাংলাদেশ ফেডারেশন অব লেবার এর সহ সভাপতি জনাব গোলাম রাব্বানী।